

■■ মুখতাসারুল ফাওয়ায়েদ (ইবনুল কাইয়েয়েম রহ.-এর আল-ফাওয়ায়েদ অবলম্বনে)

বিভাগ/অধ্যায়ঃ কায়েদা: ঈমানের প্রকাশ্য ও অপ্রকাশ্য দিক রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ,কম

ফায়েদা: ঈমানের প্রকাশ্য ও অপ্রকাশ্য দিক

উমানের রয়েছে প্রকাশ্য ও অপ্রকাশ্য বিষয়। এর প্রকাশ্য দিক হলো জবানের দ্বারা সাক্ষ্য দেওয়া, অঙ্গ-প্রত্যঙ্গের দ্বারা আমল করা এবং অপ্রকাশ্য দিক হচ্ছে, অন্তরে উমানের সত্যায়ন করা, উমানের চাহিদানুযায়ী আত্মসমর্পণ করা ও উমানকে ভালোবাসা। অতএব, বাহ্যিক উমান কোনো উপকারে আসবে না যদি উমাননের অপ্রকাশ্য দিকগুলো ঠিক না হয়; যদিও এ উমান তাকে রক্তপাত থেকে বিরত রাখবে, তার সম্পদ ও সন্তান-সন্ততির নিরাপত্তা দিবে। অন্যদিকে অপ্রকাশ্য উমানও যথেষ্ট হবে না যতক্ষণ বাহ্যিক উমান ঠিক না হবে; তবে হ্যাঁ, ব্যক্তি যদি কোনো কারণে অক্ষম হয় বা বাধ্য হয় বা জীবন নাশের আশঙ্কা থাকে। সুতরাং প্রকাশ্য আমল গোপনীয় আমলের বিপরীত হলে এবং এর সাথে প্রকাশ্য আমল করা থেকে বিরত রাখার দলীল না থাকে তাহলে তার অপ্রকাশ্য আমল নষ্ট বলে বিবেচিত হবে ও তাকে উমানহীন বলা হবে। প্রকাশ্য আমলের ক্রটি অপ্রকাশ্য উমানের ক্রটির প্রমাণ। এমনিভাবে প্রকাশ্য আমলের জোরদারী অপ্রকাশ্য আমলের জোরদারীর প্রমাণ।

অতএব, ঈমান হলো ইসলামের মূলবিন্দু ও সারাংশ। আর ইয়াকীন হলো ঈমানের হৃৎপিণ্ড ও শ্রেষ্ঠাংশ। যে ইলম ও আমল ঈমান ও ইয়াকীনকে বৃদ্ধি করে না তা প্রকৃত ইলম ও আমল নয়; আবার যে ঈমান আমলের প্রতি উৎসাহিত করে না তাও প্রকৃত ঈমান নয়।

Source — https://www.hadithbd.com/books/link/?id=9730

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন